Anup Kum Sengu

भारतीय गैर न्यायिक

भारत

दस रुपये

TEN RUPEES

रु.10

Rs.10

सत्यमेव जयते

INDIA

INDIA NON JUDICIAL

पश्चिमबंग पश्चिम बंगाल WEST BENGAL

30AA 479826

2922 for 2009

Office of the Addl. Dist. Sub-Registrar Alipurduar

FEES PAID UNDER ARTICLES
F(I) -
G(a) 4.20 ... 2.00
... 4.00
... 10.00 ... 7.00
Copying ... 3.00
To Jibesh Chackraborty
As per order No. 3185/1353 ... 19/6/09

Addl Dist. Sub-Registrar
Alipurduar
22-6-09

3049 5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

শুভ দানপত্র দলিল মূল্য ৩,৩৭,৩০০.০০ টাকা, মৌজা ভোলারডাবঁরী, জমি ঃ- ৬.৭৫ ডেঃ, থানা আলিপুরদুয়ার, আলিপুরদুয়ার পৌরসভার ১৯ নং ওয়ার্ডের অধীন।

Admissible under rule 21 duly Stamped (or exempt from or does not require stamp duty) under the Indian Stamp Act, 1899 & W.B.L.R. Act, 1955

Schedule........

Fees Paid exempted Rs........


in Fees Rs........ in Court Fees

3714


*Additional Dist. Sub-Registrar,*
Alipurduar, Dist. Jalpaiguri

18 JUN 2009

দান দাতা ঃ



5000 Rs.




দান গ্রহীতা ঃ





বরাবর ঃ- শ্রী অনুপ কুমার সেনগুপ্ত পিতা স্বর্গীয় পূর্ণচন্দ্র সেনগুপ্ত, জাতি হিন্দু পেশা চাকুরী, সাকিন ও পোঃ আলিপুরদুয়ার কোর্ট, ওয়ার্ড নং ১৯, থানা আলিপুরদুয়ার, জেলা জলপাইগুড়ি (ভারতীয় নাগরিক) বরাবরেষু।

5000Rs.

INDIA NON JUDICIAL

৫000রু. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

লিখিতং ঃ শ্রী রনজিৎ কুমার সেনগুপ্ত পিতা স্বর্গীয় শ্রীশ চন্দ্র সেনগুপ্ত, জাতি হিন্দু পেশা অবসর প্রাপ্ত সরকারী বৃত্তিভোগী, সাকিন ৫/২/২ বেলতলা রোড, পোঃ কালীঘাট, থানা ভবানীপুর কোলকাতা- ২৬, হাল সাকিন ও পোঃ আলিপুরদুয়ার কোর্ট, থানা আলিপুরদুয়ার, জেলা জলপাইগুড়ি (ভারতীয় নাগরিক)।

কস্য শুভদান পত্রমিদং কার্য্যঞ্চাগে। অত্র দানপত্র দলিল দাতা আমি বৃদ্ধ হইয়াছি ও দৈনন্দিন ক্রমশঃ কাতর ও দুর্বল হইয়া পড়িতেছি এবং মানব জীবন অনিত্য ইহার কোন নিশ্চয়তা নাই ও দান গ্রহিতা তুমি আমার সাক্ষাৎ ভাইপো বট এবং নিজ সন্তানের ন্যায় আমি তোমাকে তোমার শৈশব কাল হইতে পুত্রবৎ স্নেহ করিয়া আসিতেছি এবং তুমিও আমাকে যৎপরোনাস্তি ভক্তি শ্রদ্ধা সেবা শুশ্রুষা করিয়া আসিতেছ ও করিতেছ এবং আশাকরি অনুরূপ ভক্তি শ্রদ্ধা সেবা শুশ্রুষা আমার আজীবনকাল পর্যন্ত করিবা ইহা আমার সুদৃঢ় বিশ্বাস ও তোমার নৈতিকতা অত্যন্ত প্রশংসনীয় ও তোমার প্রগাঢ় ভক্তি শ্রদ্ধা আচার ব্যবহারে আমি

5000Rs.

INDIA NON JUDICIAL

৫০০০রু.

Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

Office of the Addl. Dist. Sub-Registrar Alipurduar

অত্যন্ত প্রীত এবং আমি তোমার প্রতিনিয়তই করুনাময় ঈশ্বরের নিকট তোমার কুশল মঙ্গলের জন্য প্রার্থনা জানাই ও তোমার সমূহ মঙ্গলের ও আমার আত্মার পরিতৃপ্তির জন্য ভোলারডাবরী মৌজাস্থিত বিগত ইং- ১৯/০৪/১৯৬১ তারিখের ৫৭৬৯ নং এক কোবালা দলিল মূলে আমি মায় তিন ভ্রাতা সমেত একত্রে যৌথভাবে ২৭ সাতাইশ ডিং রায়তী স্বত্ব বিশিষ্ট ভূমি খরিদ করিয়া আমার অংশের স্বত্ব ভোগদখলীয় তপশীলে বর্ণিত খতিয়ানের অন্তর্ভুক্ত বর্তমান সেটেলমেন্ট রেকর্ডে রেকর্ডমূলে স্বত্ববান ভোগদখলিকার আছি উক্ত স্বত্ব দখলীয় ৬.৭৫ পৌনে সাত ডিং ভূমি যাহার আনুমানিক বাজার দর মূল্য মং ৩,৩৭,৩০০.০০ টাকা তিন লক্ষ সাইত্রিশ হাজার তিনশত টাকা হইবেক উক্ত ভূমি স্নেহের নিদর্শন স্বরূপ অত্র দানপত্র দলিলমূলে তোমাকে দান করিলাম এবং দানকৃত ভূমি তোমাকে দখল দিয়া অদ্য হইতে চিরতরে আমি দানকৃত সম্পত্তি হইতে দখলহীন হইলাম এবং স্বীকার অঙ্গিকার করিতেছি যে দানকৃত সম্পত্তির মধ্যে আমার যে সকল স্বত্ব স্বামীত্ব ভোগদখল ও অধিকার

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये

रु. 100

Rs. 100

ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

E 581373

ছিল বা আছে তাহা সম্পূর্ণ অদ্য হইতে আমাতে লুপ্ত হইয়া তোমাতে বর্তিল এবং তুমি অদ্য হইতে আমার দানকৃত সম্পত্তি মধ্যে আমার ন্যায় তুল্য ক্ষমতায় যাবতীয় স্বত্বে স্বত্ববান হইয়া সর্বপ্রকার দান বিক্রয় হস্তান্তর করনের ক্ষমতাযুক্তে সর্বাধিকারী হইয়া মালিক সেরেস্তায় আমার নাম কর্তন করিয়া তোমার নামে নামজারী করতঃ পুত্র পৌত্রাদি ওয়ারীশানক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাক তাহাতে আমি মায় আমার স্থলাভিষিক্ত উত্তরাধিকারী ক্রমে কেহ কোন প্রকার দাবা-দাবী কিংবা ওজর আপত্তি করিতে পারিব না ও রহিলেক না করিলে সর্বত্রই তাহা অত্র দলিলের বলে সর্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবেক। এতদ্বার্থে সুস্থ চিত্তে স্বজ্ঞানে অন্যের বিনা প্ররোচনায় অত্র দানপত্র দলিল স্বেচ্ছায় খুশীমনে আমি তোমার অনুকুলে সহি সম্পাদন করিয়া দিলাম ও তুমি যে অত্র দান আমাকর্তৃক গ্রহণ করীলে তাহার স্বীকৃতি স্বরূপ তুমিও অত্র দলিলে সহি স্বাক্ষর করিলে। ইতি ১৪১৬ চৌদ্দশত ষোল সনের ৩রা আষাঢ় ইংরাজী ১৮-০৬-২০০৯ আঠার জুন দুই হাঁজার নয় সন।

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये

रु. 100

Rs. 100

ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

581374

## তপশীল সম্পত্তি

জেলা জলপাইগুড়ি, থানা তহশীল ও অতিরিক্ত জেলা অবর নিবন্ধক কার্য্যালয় আলিপুরদুয়ার অধীন পৌরসভার ১৯নং ওয়ার্ডস্থিত মৌজা ভোলারডাবরী মধ্যে বার্ষিক ৩০ পয়সা জমায় ০৭ সাত ডিং ভূমি বর্তমান সেটেলমেন্ট রেকর্ডে আমার নামে ১৪৩৫ চৌদ্দশত পয়ত্রিশ খতিয়ানে ও সংশোধিত ৮৫২ আটশত বাহান্ন নং হাল খতিয়ানে রেকর্ডভুক্ত নিয়ত বটে ও স্বত্ববান ভোগদখলীকার আছি। উক্ত স্বত্ব দখলীয় ৬.৭৫ ডিং ভূমি তোমাকে দান করিলাম। যাহার দাগ নং উক্ত খতিয়ানের অন্তর্ভুক্ত হাল ১১৯৩ এগারশত তিরানব্বই ও সাবেক দাগ নং ৬৪০ ছয়শত চল্লিশ উক্ত দাগে দানকৃত ভূমি বটে। জে. এল. নং ৫৬ ছাপ্পান্ন, জমির শ্রেণী রেকর্ডে বাস্ত বর্তমানে গৃহাদি নাই পতিত বটে।

## চৌহদ্দি

উত্তরে ঃ- প্রিয়লাল চৌহান, দক্ষিণে ঃ- রঞ্জন সেনগুপ্ত গং, পূর্বে ঃ- প্রনব সুর গং, পশ্চিমে ঃ- চলাচলের পৌনে সাত ফুট প্রস্থ পথ ও তপন কুমার সেনগুপ্ত। এই চৌহদ্দি মধ্যে উক্ত ৬.৭৫ পৌনে সাত ডিং ভূমি বটে।

भारतीय गैर न्यायिक

भारत

पचास रुपये

FIFTY RUPEES

रु.50

Rs.50

सत्यमेव जयते

INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

E 626000

Office of the Addl. Dist. Sub-Registrar Alipurduar

অত্র দানপত্র দলিলের দান আমি শ্রদ্ধার সহিত গ্রহন করিলাম। শ্রী অনুপ কুমার সেনগুপ্ত

দান গ্রহিতার স্বাক্ষর.

অত্র দলিলে স্ট্যাম্প ৭ ফর্দে লেখা রহিল।

দাতাকে দলিল পাঠ করিয়া শুনাইলাম

প্রস্তুতকারক ঃ

আলিপুরদুয়ার এ্যাডিশন্যাল ডিস্ট্রিক্ট সাব রেজিষ্ট্রি

অফিসের অধীন লাইসেন্স নং- ৮/৯.

দলিল লেখকের স্বাক্ষর ঃ-

মুদ্রক ঃ

আলিপুরদুয়ার কোর্ট।

ইসাদি

রঞ্জন সেনগুপ্ত

পিতা - ৺ পূর্ণেন্দু সেনগুপ্ত

সাং- আলিপুরদুয়ার কোর্ট

থানা - আলিপুরদুয়ার

Certified to be a true copy

Checked by

Addl Dist.Sub-Regestrar
Alipurduar
22-6-09